রাজনৈতিক সংকট নিরসনে গণভোটের রায় কার্যকর করতে হবে: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

গণভোটের রায় বাস্তবায়ন না হলে দেশের রাজনৈতিক সংকট দূর হবে না বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। এ বিষয়ে সংসদে সমাধান চান ১১ দলীয় ঐক্যের নেতারা। সরকার ইচ্ছা করেই গণভোটের রায় মানছে না বলে অভিযোগ করেছেন তিনি।

শুক্রবার (৩০ অক্টোবর) সকালে রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে লংমার্চের সর্বশেষ প্রস্তুতি নিয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব কথা বলেন গোলাম পরওয়ার।

তিনি বলেন, বিএনপি এক ভোটে ক্ষমতায় এসে আরেক ভোটের রায় মানছে না। নির্বাচনের আগে দলের চেয়ারম্যান তারেক রহমান নিজেই 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার চালিয়েছিলেন। অথচ এখন তিনি সেই অবস্থান থেকে সরে এসে গণভোটের রায় অস্বীকার করছেন। এটিকে স্পষ্ট দ্বিচারিতা বলে মন্তব্য করেন গোলাম পরওয়ার।

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও কথা বলেন তিনি। গোলাম পরওয়ারের অভিযোগ, দলীয় কোন্দলের জেরে প্রতিনিয়ত হত্যাকাণ্ড ঘটছে। পরিস্থিতি এখন সরকারের নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে।

তাহসিফ সাউরির হত্যাকাণ্ডের প্রসঙ্গ টেনে তিনি বলেন, অবৈধ লেনদেনের প্রমাণ পাওয়ার পরও বিমানবাহিনীর সাবেক এক কর্মকর্তাকে হত্যার বিষয়টি প্রধানমন্ত্রী জানেন না।